

ঈদুল আযহায় বড় পর্দার তারকারা

আহমাদ কামরুল মীজান ॥ এবারের ঈদে ছয়টি ছবি মুক্তি পাচ্ছে। ছয়টি ছবিই তারকাসমৃদ্ধ। বলা যায় ঢাকার চলচ্চিত্রের প্রায় সব তারকাই একসঙ্গে পর্যায় আসছেন। শাবনূর, মৌসুমী, পূর্ণিমা, মান্না, আমিন খান, রিয়াজ এদের প্রত্যেককেই দর্শক একসঙ্গে পর্দায় দেখতে পাবেন। এছাড়া বাড়তি আকর্ষণ হিসেবে দর্শক দেখতে পাবেন বোম্বের সানি দেওল, নিলম ও চাক্কি পাণ্ডেকে। এদের আগমনের চূড়ান্ত প্রস্তুতি এখন চলছে। ইতোমধ্যে এফডিসিতে ঈদের ছবির প্রিন্টের কাজ শুরু হয়েছে। গত ঈদুল আযহায় মুক্তি পেয়েছিল ৫টি ছবি এবং দু'মাস আগের ঈদুল ফিতর-এ মুক্তি পায় ৬টি। ঈদুল ফিতর-এ ৬টি মুক্তি পেলেও এবারের ঈদের মতো এমন তারকার উপস্থিতি ছিলো না। এবারের ঈদের ৬ ছবিতেই এ সময়ের তারকাদের উপস্থিতি রয়েছে। এই ছবিগুলো হচ্ছে- ফুল আর পাথর, হৃদয়ের বন্ধন, বিপজ্জনক, মেজর সাহেব, নায়ক, ভয়ানক সংঘর্ষ। কামাল জামান প্রযোজিত রফিকুল ইসলাম বুলবুল পরিচালিত যৌথ প্রযোজনার ছবি 'ফুল আর পাথর'-এ বোম্বের ফিল্মের জনপ্রিয় ও নামী-দামী শিল্পীদের সমাবেশ ঘটেছে। এই ছবিতে বোম্বের এই সময়ের টপ নায়ক সানি দেওল, নাসিরুদ্দিন শাহ, চাথকি পাণ্ডে অভিনয় করেছেন। তাদের সঙ্গে নায়িকা রয়েছেন গ্যামারাস নিলম। বাংলাদেশের আহমেদ শরীফ, মিঠুন, রেবেকা, আদিল, আমীর সিরাজীও আছেন ফুল আর পাথর ছবিতে। ঢাকার দর্শকদের বোম্বের এই জনপ্রিয় শিল্পীরা বাড়তি আনন্দ দেবে নিঃসন্দেহে। মোশারফ হোসেন তুলা প্রযোজিত এফ আই মানিক পরিচালিত হৃদয়ের বন্ধন ছবিটিতে রয়েছেন তারকা শিল্পী। আমিন খান, শাবনূর, রিয়াজ, কেয়া ছাড়াও এই ছবিতে জনপ্রিয় সংগীত শিল্পী মমতাজ অভিনয় করেছেন। বিশাল বাজেটের এই ছবি দর্শকদের ভালো লাগবে বলে প্রযোজক মোশারফ হোসেন তুলার বিশ্বাস। শেখ দিদার প্রযোজিত ও পরিচালিত হৃদয় ছোঁয়া কাহিনী নিয়ে নির্মিত হয়েছে 'বিপজ্জনক' ছবিটি। এই ছবির তারকা শিল্পীরা হলেন- আমিন খান, মৌসুমী, পূর্ণিমা, ডিপজল। আরমান প্রযোজিত আকবর পরিচালিত 'মেজর সাহেব' ছবির প্রধান তারকা মান্না, মৌসুমী, ডিপজল। ইম্পাহানি আরিফ জাহানের ছবি 'নায়ক'-এর প্রধান নায়ক হচ্ছেন মান্না। তার সঙ্গে নায়িকা আছেন পূর্ণিমা। মনজুরুল আহসান প্রযোজিত 'ভয়ানক সংঘর্ষ' ছবির প্রধান শিল্পী মান্না, মৌসুমী, ডিপজল। দেখা যাচ্ছে এবারের ঈদে নায়ক মান্নার ৩টি, মৌসুমীর ৩টি, ডিপজলের ৪টি, আমিনের ২টি, পূর্ণিমার ২টি, শাবনূর-রিয়াজ-কেয়ার ১টি করে ছবি মুক্তি পাচ্ছে। এবারের ঈদে তারকা নায়িকার মধ্যে পপির কোনো ছবি নেই। গত ঈদে রিয়াজ-শাবনূরের ৩টি ছবি মুক্তি পেলেও এই ঈদে এই জুটির কোনো ছবি মুক্তি পাচ্ছে না। 'হৃদয়ের বাঁধন' ছবিতে দু'জন অভিনয় করলেও এটি একটি ত্রিভুজ প্রেমের ছবি। অন্য নায়কের চরিত্রে রয়েছেন আমিন খান।